



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.১০২

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন পীরগাছা জ্ঞানেন্দ্র নারায়ণ (জে, এন) সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, পীরগাছা, রংপুর এর জনবল শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০২.০০০০.০৯২.১৫.০২৫.২১-১২৫, তারিখ: ১৬ জানুয়ারি ২০২৩ মোতাবেক এডহক নিয়োগ প্রদান করা হয়। বিদ্যালয়টিতে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব এস, এম, আবু খায়ের মো: রুহুল কুদ্দুস ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বভার গ্রহণ করেন বিধায় নিম্নবর্ণিত শর্তে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে তাঁকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

### শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯-২-২০২৩


দূর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.১০২/১(৭)

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯  
১৯ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ২) উপপরিচালক, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) বিভাগী/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৫) প্রধান শিক্ষক,.....।
- ৬) জনাব,.....।
- ৭) সংরক্ষণ নথি।



১৯-২-২০২৩

দূর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১